(একই স্মারক ও তারিখের বিকল্প অনুলিপি)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ভোকেশনাল শাখা)

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২১০।

Website : www.bteb.gov.bd

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩৩.২৫-৬৩ **তারিখ: ১০ আগস্ট, ২০২৬ খ্রিঃ**

এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা ২০২৬ এর ফলাফল পুনঃনিরীক্ষণের নিয়মাবলি :

আবেদন করার সময়সীমা: ১১/০৮/২০২৬ খ্রিঃ থেকে ১৭/০৮/২০২৬ খ্রিঃ পর্যন্ত

- https://rescrutiny.eduboardresults.gov.bd-এ গিয়ে নির্ধারিত স্থানে রোল, রেজিস্ট্রেশন নম্বর পূরণ করতে হবে এবং বোর্ড ড্রপ ডাউন থেকে বোর্ড নির্বাচন করতে হবে। অতঃপর **"সাবমিট"** বাটনে ক্লিক করতে হবে।
- এরপর মোবাইল নম্বর দিতে হবে। পুনঃনিরীক্ষণের ফলাফল প্রকাশিত হলে এই নম্বরে এসএমএস পাঠানো হবে।
- পরবর্তী স্ক্রিনে শিক্ষার্থীর বিষয় ভিত্তিক ফলাফল দেখা যাবে। এক বা একাধিক বিষয়ে ফলাফল পূনঃনিরীক্ষণের জন্য বিষয়সমূহ নির্বাচন করে **"ফি প্রদান করুন"** বাটনে ক্লিক করতে হবে।
- প্রতিটি বিষয়ের জন্য **১৫০/- (একশত পঞ্চাশ মাত্র)** টাকা হারে ফি প্রযোজ্য হবে।
- পরবর্তী স্ক্রিনে প্রদেয় ফি-এর পরিমান দেখা যাবে। **বিকাশ, নগদ, সোনালী সেবা**-এর মাধ্যমে ফি পরিশোধ করা যাবে। ফি পরিশোধের বিস্তারিত ধাপসমূহ উপরে উল্লেখিত পোর্টালের **"হেল্প"** বাটনে ক্লিক করে দেখে নেয়া যাবে।
- ফি পরিশোধ করে আবেদনের পোর্টালে এসে **"জমা দিন"** বাটনে ক্লিক করতে হবে।
- উল্লেখ্য, ফি প্রদান করে একবার আবেদন জমা দেয়ার পরে আরও বিষয় যুক্ত করতে চাইলে একইভাবে তা করা যাবে। তবে এক্ষেত্রে নতুনভাবে মোবাইল নম্বর দেয়ার প্রয়োজন হবে না।
- এছাড়া ফি পরিশোধের আগেই যদি আবেদন পরিবর্তন বা পরিমার্জনের প্রয়োজন হয়, সেক্ষেত্রে **"মুছে ফেলুন"** বাটনে ক্লিক করে নির্বাচিত বিষয়গুলো (যেগুলোর জন্য এখনও ফি প্রদান করা হয়নি) প্রত্যাহার করা যাবে এবং নতুন করে বিষয় নির্বাচন করা যাবে। তবে একবার ফি জমা দিলে আবেদনকৃত বিষয়গুলো আর বাতিল করা যাবেনা এবং কোন অবস্থাতেই ফি ফেরত দেয়া হবেনা।
- ম্যানুয়াল কোন আবেদন গ্রহণ করা হবেনা।

১০/০৮/২৬

(প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৫০০৬৫২৫

10.8.26